# প্রস্তুত নিউ ইয়র্ক (READY NEW YORK)

## আপনার ঝুঁকি কমান

NYC Emergency Management
Bill de Blasio, মেয়র
Joseph J. Esposito, কমিশনার

# সূচীপত্র


| | |
|---|---|
| বন্যা | 4 |
| উপকূলীয় ঝড়গুলি | 8 |
| টর্নেডো/ঝড়গুলি | 12 |
| ভূমিকম্পগুলি | 14 |
| ব্রাশ ফায়ারগুলি | 16 |
| অত্যধিক গরম | 18 |
| শীতকালীন আবহাওয়া | 20 |
| আরও সংস্থাগুলি | 22 |


OEM ধন্যবাদ জানাতে চায় NYC ডিপার্টমেন্ট অফ বিল্ডিংস-কে, এই প্রকল্পে তার কঠিন পরিশ্রমের জন্য।



## আপৎকালীন পরিস্থিতিতে যেমন আপনার পরিবার ও আপনার নিজেকে রক্ষা করা প্রয়োজন, ঠিক তেমনি প্রয়োজন আপনার সম্পত্তিকে রক্ষা করা।

**প্রস্তুত নিউ ইয়র্ক (Ready New York)**: আপনার ঝুঁকি কমান পদক্ষেপের রূপরেখা সম্পত্তির মালিকেরা বিপদের জন্য প্রস্তুত হতে পারেন ঝুঁকি হ্রাসকরণ (হ্যাজার্ড মিটিগেশন)-এর মাধ্যমে – একটি সাশ্রয়ী, ধারাবাহিক পদক্ষেপ, যা গ্রহণ করে মানুষের জীবন ও সম্পত্তির ক্ষেত্রে দীর্ঘকালীন ঝুঁকি কমাতে সাহায্য করে।

# বন্যা





বন্যা হচ্ছে সবচেয়ে সাধারণ প্রকৃতিক দুর্যোগ। নিউ ইয়র্ক শহর-এ বিভিন্ন প্রকারের বন্যা হওয়ার আশঙ্কা আছে, যার মধ্যে অন্যতম হল:

- **ফ্ল্যাশ ফ্লাড**: এটি হল সেই বন্যা যা ঘটে ঘন ঝড়-ঝঞ্ঝার সাথে একটানা বৃষ্টিপাতের ফলে, অর্থাৎ যখন বৃষ্টিপাতের হার পানি শোষণ ও বের করে দেওয়ার হারের থেকে বেশি হয়। ফ্ল্যাশ ফ্লাডে শহরের নালা-নর্দমা দিয়ে পানি বের হয়ে যাওয়ার বদলে ঢুকে আসে। এই প্রকার নালা-নর্দমা বন্ধ হয়ে গেলে, বাড়ির বেসমেন্ট ও সেলার পানিতে পরিপূর্ণ হয়ে যেতে পারে।
- **উপকূলীয় বন্যা (কোস্টাল ফ্লাডিং)**: বন্যা হতে পারে যখন সমুদ্রে তীব্র নিম্নচাপ সমুদ্রের পানিকে ডাঙার দিকে ঠেলে দেয়। যে পানি ডাঙার দিকে ঠেলে আসে সেটিকে বলা হয় স্টর্ম সার্জ বা ঝড়ের পানি। নিউ ইয়র্ক শহরের উপকূল, ইস্ট, হাডসন ও হারলেম নদীর তীর সহ, সহজেই উপকূলীয় বন্যার শিকার হতে পারে।
- **বাণের কারণে বন্যা (টাইডাল ফ্লাডিং)**: এটি ঘটে যখন তীব্র বাণ আসে, এই বাণকে ষাঁড়াষাঁড়ি বাণ বলা হয়। এই প্রকার ষাঁড়াষাঁড়ি বাণে সেইসব ডাঙাও বন্যা কবলিত হয়, যেগুলি মাঝারি থেকে নিম্ন প্রকারের বাণে অপ্রভাবিত থাকে। বাণের দ্বারা বন্যা কোনো ঝড়-ঝঞ্ঝার ছাড়াই হতে পারে।
- **নদীর বন্যা**: এটি ঘটে যখন মিষ্টিপানির নদীর পানি তার কূল ছাপিয়ে উপচে পড়ে।


## আপনার ঝুঁকি কমান

আপনার বাড়িকে বন্যা থেকে বাঁচাতে নিম্নলিখিত কৌশলগুলির কথা বিবেচনা করে দেখুন:


- নিউ ইয়র্ক শহর উপকূলীয় ও নদীর বন্যার ঝুঁকি সম্ভাবনা তথ্যের জন্য নির্ভর করে FEMA-র ফ্লাড ইনস্যুরেন্স রেট ম্যাপগুলি (FIRM)-র উপর। এই ম্যাপগুলি প্রদর্শন করে এলাকা অনুযায়ী কেন্দ্রীয় সরকারের সরকারী বন্যা ঝুঁকির নির্ধারণ। অতিরিক্ত নির্দেশিকার জন্য যান www.region2coastal.com ওয়েব সাইটে।
- বন্যা বিমা করে রাখুন। একটি হোম-ওনার্স পলিসিতে বন্যা থেকে হওয়া ক্ষতি কভার করা হয় না। বিস্তারিত তথ্যের জন্য যান www.floodsmart.gov ওয়েবসাইটে।
- নির্মাণ করুন বন্যা-ক্ষতি রোধক সামগ্রী দিয়ে, যেমন কাস্ট-ইন-প্লেস কংক্রিট, কংক্রিট ব্লক এবং সলিড স্ট্রাকচারাল কাঠ (উদাঃ, 2x4s, ইত্যাদি) দিয়ে। অতিরিক্ত নির্দেশিকার জন্য যান www.fema.gov ওয়েব সাইটে।
- একটি নিউ ইয়র্ক স্টেট-লাইসেন্সকৃত ও রেজিস্ট্রিকৃত স্থপতি বা পেশাদার ইঞ্জিনিয়ার-কে ভাড়া করুন যাতে তিনি আপনাকে পরামর্শ দিতে পারেন কীভাবে আপনি আপনার বাড়িতে সবচেয়ে ভালোভাবে রেট্রোফিটিং করিয়ে নিতে পারবেন, যার অর্থ হল আপনার বাড়ির বিদ্যমান আকার পরিবর্তন করা যাতে ক্ষতির সম্ভাবনা নষ্ট বা কম করা যায়। সাধারণ রেট্রোফিট কৌশলগুলির মধ্যে অন্তর্ভুক্ত হবে, কিন্তু তাতেই এটি সীমিত থাকবে না:
  - উঁচু করা: বাড়ি উঁচু করা যাতে সর্বনিম্ন তলাটি বন্যার স্তরের চেয়ে উঁচুতে থাকে। উঁচু করা হল সবচেয়ে সহজ পদ্ধতি যাতে বন্যার ক্ষতি এড়ানো যায়।




  - ওয়েট ফ্লাডপ্রুফ করা: এটি করা হয় বন্যা স্তরের নিচের স্থানের নকশাকে পরিবর্তন করে, বন্যা-দ্বারা ক্ষতিগ্রস্ত হয় না এমন জিনিস দিয়ে তৈরি করে, এবং ভেন্ট তৈরি করে যাতে বন্যার পানি সেই স্থানে ঢুকতে পারে বন্যার সময়ে এবং বন্যা-মুক্তির সময়ে তা থেকে পানি বেরিয়ে যেতে পারে।




  - ড্রাই ফ্লাডপ্রুফ করা: আপনার বাড়ির বন্যাস্তরের নিচের স্থানের নকশাকে বন্ধ করে দেওয়া যাতে বন্যার পানি ঢুকতে না পারে।



  - বৈদ্যুতিন, মেশিন এবং পানি সংবাহন ব্যবস্থার অংশ বা সরঞ্জামকে বন্যা নিরোধক করুন অথবা উঁচু করুন প্রত্যাশিত বন্যার পানির স্তরের চেয়ে উপযুক্ত নকশার মানের মাধ্যমে।




  - ঝড়-বৃষ্টির পানি রাখা অথবা সবুজ ও ঢালাই না করা স্থান আপনার বাড়ির আশে পাশে রাখলে, পানি মাটিতে আরও বেশি শোষিত হবে ও নর্দমা দিয়ে কম জল বইবে, যা নালা-নর্দমার লভ্য পানি সংবাহন ক্ষমতাকে বৃদ্ধি করবে।



প্রত্যাশিত বন্যার পানির স্তর
মাটি

■ ব্যাক-ফ্লো ভাল্ভ (যাদের বলা হয় চেক ভাল্ভ) লাগান, যাতে নর্দমার পানি আপনার বাড়ির বেসমেন্ট দিয়ে ভিতরে ঢুকে না আসে। আরেক প্রকারের সুরক্ষা হল ড্রেন প্লাগ।




■ সঠিক ডাউনপাউট এবং রুফ ড্রেনেজ লাগান: আপনার নর্দমা নিয়মিত পরিষ্কার করান, এবং ডাউনপাউটগুলি উপযুক্ত নর্দমার সাথে যোগ করুন। এই পদক্ষেপগুলির সাথে একটি রেন ব্যারেল লাগানোর কথা বিবেচনা করুন যাতে বৃষ্টির পানি ধরে রাখা যায় যা পরে ফেলে দেওয়া যাবে।

■ নিচু ড্রাইভওয়ে সুরক্ষা: যদি আপনার সম্পত্তিতে এমন কটি ড্রাইভওয়ে থাকে যা রাস্তার উচ্চতা থেকে নিচুতে ঢালু হয়, তবে এই শহর আপনাকে সুপারিশ করবে যে আপনি একজন পেশাদারের সাহায্য নেন যাতে আপনার বেসমেন্টকে বন্যা থেকে বাঁচানো যায়।

■ বাড়ির ভিতরের এবং বাইরের ফুয়েল ট্যাংকগুলিকে শক্তভাবে আটকে রাখুন।

■ অন্যান্য পদক্ষেপগুলি:

- যদি আপনি বন্যাপ্রবণ এলাকায় থাকেন, তাহলে কিছু জিনিসপত্র যেমন স্যান্ডব্যাগ, প্লাইউড, প্লাস্টিকের শিট এবং কাঠ হাতের কাছে রাখুন যাতে আপনার বাড়িকে রক্ষা করা যায়।
- আপনার নর্দমার সংযোগের বিষয়ে যত্নবান হন: কখনই নর্দমাতে গ্রিজ বা রান্নার তেল ঢালবেন না, এবং এমন কোনো জিনিস ফেলবেন না যা সহজে ফ্লাশ করা যায় না।
- আপনার মূল্যবান বস্তু এবং অন্যান্য জিনিস ওয়াটারপ্রুফ কৌটোতে রাখুন, মাটি থেকে উঁচু কোনো জায়গায়।

আবাসিক বাড়িগুলিতে রেট্রোফিট করার বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য দেখুন FEMA-র হোম-ওনার্স গাইড টু রেট্রোফিটিং, এই ওয়েবসাইটে গিয়ে www.fema.gov।





# উপকূলীয় ঝড়

উপকূলীয় ঝড়, উত্তরপূর্বী ঝড় (নরইস্টার্স), বিষুবাঞ্চলীয় ঝড় এবং হারিকেনও নিউ ইয়র্ক শহরকে প্রভাবিত করতে পারে। শহরের উপকূলীয় ভৌগলিক বৈশিষ্ট্য এবং তার সাথে তার ঘন জনসংখ্যা ও উচ্চ পরিমাণে উন্নয়নের কারণে এটি সহজেই উপকূলীয় ঝড় থেকে ক্ষতিগ্রস্ত হতে পারে।

উপকূলীয় ঝড়ের সাথে ঝোড়ো হাওয়া, উপকূলীয় বন্যা এবং বৃষ্টি ঘটে। এরা তা ছাড়াও ভয়ঙ্কর বজ্র-বিদ্যুৎ সহ ঝড়, টর্নেডো, বরফ অথবা তুষারপাত ঘটাতে পারে, ঝড়ের উপর নির্ভর করে।

অক্টোবর থেকে এপ্রিল মাসের মধ্যে নিউ ইয়র্ক শহরে নরইস্টার্সের সবচেয়ে বেশি সম্ভাবনা থাকে। অন্যদিকে অ্যাটলান্টিক হারিকেনের মরশুম থাকে জুন থেকে নভেম্বর, নিউ ইয়র্ক শহরে এর ঝুঁকি থাকে আগস্ট থেকে অক্টোবর।

## আপনার ঝুঁকি কমান

- আপনার বাড়ি বা সম্পত্তি যে স্থানে আবস্থিত সেই স্থানের ঝুঁকি সম্পর্কে সচেতন থাকুন।
  - ইনস্যুরেন্স এবং নিয়ন্ত্রণকারী উদ্দেশ্যে, নির্ধারণ করুন সম্পত্তিটি কি FEMA ফ্লাড জোনে আছে এই ওয়েবসাইট থেকে www.region2coastal.com।
  - জীবনের নিরাপত্তার জন্য, নির্ধারণ করুন আপনার সম্পত্তি কি একটি হারিকেন ইভ্যাকুয়েশন জোনে আছে এই ওয়েবসাইট থেকে NYC.gov/knowyourzone।
- বন্যা বিমা করে রাখুন।
  - একটি হোম-ওনার্স পলিসিতে বন্যা থেকে হওয়া ক্ষতি কভার করা হয় না। বিস্তারিত তথ্যের জন্য যান www.floodsmart.gov ওয়েবসাইটে।
  - আপনার হোম-ওনার্স বা রেন্টার্স ইনস্যুরেন্স পলিসি ভালো করে খতিয়ে দেখুন এটি বুঝতে যে উপকূলীয় ঝড় এবং সংশ্লিষ্ট বিপদে কোন কোন বিষয়গুলি কভার করা আছে।

### সাধারণ রক্ষণাবেক্ষণ

- একটি নিউ ইয়র্ক স্টেট রেজিস্টারকৃত স্থপতি বা পেশাদার ইঞ্জিনিয়ারকে ভাড়া করুন আপনার বাড়িটি পরীক্ষা করে দেখতে এবং প্রয়োজন হলে রেট্রোফিটিং করতে। (দেখুন আপনার ঝুঁকি কমান: বন্যা বিভাগটি, অতিরিক্ত তথ্যের জন্য।)
- আপনার সম্পত্তিটি নিয়মিত পরিষ্কার করুন, এবং য়ে কোনো জঞ্জাল বা ভাঙা টুকরো ফেলে দিন, য়া ঝরের সময়ে মারাত্ম প্রাণঘাতী অস্ত্র হয়ে উঠতে পারে।
- নুড়ি/পাথর দ্বারা করা ল্যান্ডস্কেপিংয়ের বদলে কাটা ছাল ব্যবহার করুন যাতে হাওয়াতে সেগুলি উড়ে গেলও সাধারণত ক্ষতিকারক না হয়। (ডানদিকের চিত্র দেখুন।)
- আপনার সম্পত্তিতে থাকা গাছগুলির ডালপালা ছেঁটে দিন অথবা তা তুলে ফেলুন যদি সেটির বাড়ি বা পওয়ার লাইনের উপরে উপড়ে পড়ার সম্ভবনা থাকে।
- যদি ঝড়ের পূর্বাভাষ থাকে, তবে বাইরের আসবাব ভিতরে নিয়ে আসুন অথবা সেটিকে নিশ্ছিদ্রভাবে আটকে রাখুন।

### ছাদ ও চিমনি

- আপনার বাড়ির ছাদ বছরে দু-বার পরীক্ষা করান।
- ভিতরের দেওয়ালগুলি পরীক্ষা করে দেখুন যাতে রং চটে না গিয়ে থাকে, জিপসাম বোর্ডের রং চটে না গিয়ে থাকে, ওয়ালপেপার উঠে না গিয়ে থাকে, অথবা লিকের কারণে দাগ না ধরে থাকে, কারণ এগুলোই ক্ষতিগ্রস্ত ছাদের দিকে নির্দেশ করে।
- মাটি থেকে আপনার ছাদটি খুঁটিয়ে পরীক্ষা করুন দূরবীন দিয়ে, যাতে সেটি ফাটা-ফাটা, কোঁচকানো অথবা তার উপরিঅংশ ওঠা-ওঠা বা তার সুরক্ষাকারী স্তর ক্ষতিগ্রস্ত বা সিম ঢিলা না থাকে।



■ বিদ্যমান শিথিং খুঁটিয়ে পরীক্ষা করুন যাতে সেটি ঠিকঠাক থাকে এবং সেটিকে আবার বেঁধে নিন যদি তার প্রয়োজন হয়।

■ আপনার চিমনির দেওয়ালে ও প্যারাপেটের পলেস্তরা দেখে নিন যাতে সেটির ক্ষয় না হগয় অথবা তাতে ফাটা না থাকে। সমস্ত নির্মাণের অংশগুলি লম্বালম্বি থাকা উচিত অথবা য়েমন তাদের সলে লাগানো হয়েছিল সেই অবস্থায় থাকা উচিত।


**সাইডিং**

■ আপনার সাইডিং পরীক্ষা করুন যাতে আলগা বা সরে যাওয়া অংশ না থাকে। মনে রাখবেন অ্যালুমিনিয়াম সাইডিং সাধারণত নকশা অনুযায়ী ঠিকঠাক ইন্সটল করা হয় না। সাইডিংয়ের স্ক্রুগুলি সুস্থ কাঠের ভিতরে ঢুকিয়ে দিতে হবে।

**স্ট্রাকচারাল দেওয়ালগুলি**

■ যাচাই করুন বাইরের দেওয়ালের কাঠের ফ্রেম সিলের সাথে যেন আটকানো থাকে এবং সিলটি আটকানো থাকে ভিতের দেওয়ালের সাথে (অর্থাৎ কংক্রিট বা কংক্রিটের মেসনারি ইউনিট)। 1968 সালের আগের অনেক বাড়িতে এই প্রকার আটকানো থাকে না; পুরানো বাড়ির কোডে সেটির প্রযোজনীয়তার কথা সরাসরি লেখাও নেই। যদি সে প্রকারের আটকানো না থাকে, তবে ইন্সটল করুন রেট করা স্ট্র্যাপ বা যন্ত্র।

**দরজা ও জানলা**




■ নিশ্চিত করুন যাতে দরজায় অন্তত তিনটি কব্জা থাকে এবং ডেড-বোল্ট সিকিউরিটি লক (হুড়কো) থাকে।

■ অবিলম্বে যে কোনো ফাটা বা ভাঙা জানালা সারিয়ে নিন।

■ যখন কোনো কিছু প্রতিস্থাপণ করবেন বা দরজা, ছাদ বা জানালার রক্ষণাবেক্ষণ করাবেন তখন নিশ্চিত করুন যে, যে জিনিসগুলি কিনবেন সেগুলি যেন নিউ ইয়র্ক শহরের হাওয়ার গতির রেটিং ও আপনার বিল্ডিংয়ের এক্সপোজার শ্রেণীতে থাকে, NYC বিল্ডিং কোড ম্যাপ অনুযায়ী। নিম্নলিখিতগুলি বিবেচনা করুন:

- লেবেল-এ দেওয়া থাকবে সাধারণ 100 mph হাওয়ার তিন সেকেন্ড গতির জন্য বা 80 mph হওয়া বওয়া C -এর জন্য একটি রেটিং।
- উপকূল থেকে যে বিল্ডিং 600 ফুট দূরত্বে অবস্থিত আছে সেগুলিতে সেই জিনিসপত্র ব্যবহার করতে হবে যাদের 100 mph হওয়ার গতি এবং হাওয়া বওয়া D -র জন্য রেট করা হয়েছে।
- যখন একটি জানালা প্রস্তুতকারকের লেবেল দেখায় না হাওয়ার গতির রেটিং কিন্তু দেখায় হাওয়ার চাপের রেটিং, তখন 30 পাউন্ড প্রতি স্কোয়ার ফুট (psf)-এর কমের পণ্য ব্যবহার করবেন না।

■ খোলা সাগর বা উপসাগরের কাছাকাছি থাকা বাড়িগুলির ক্ষেত্রে দরজা বা জানালার শাটার লাগানোর কথা বিবেচনা করুন।

**অতিরিক্ত টিপস ও তথ্য**

■ যেসব বাড়ি আসলে ছুটির বাড়ি হিসাবে তৈরি করা হয়েছিল, তাদের ক্ষেত্রে বন্যা এবং ঝড়ের সময়ে বেশি ক্ষতি হওয়ার আশঙ্কা আছে, কারণ বাড়িগুলি উপকূলের খুব কাছে হয়। পুরানো, এক-তলা কাঠের ফ্রেমের বাড়িগুলিও ক্ষতিপ্রস্ত হওয়ার বেশি ঝুঁকিতে আছে।

■ যদিও সব বাড়িগুলি এমনভাবে নকশা করা উচিত যাতে সেগুলি 98 mph হাওয়ার গতি সহ্য করতে পারে, তবুও যেসব বাড়িগুলি মহাসাগর বা বড় উপসাগরের 600 ফুট দূরত্বে থাকে, তাদের ক্ষেত্রে ঝুঁকি বেশি থাকে এবং সেগুলিকে অনেক বেশি হাওয়ার বহমানতা নিরোধক হিসাবে নকশা করতে হবে।



# টর্নেডো এবং ঝড়




টর্নোডোগুলি হল ঘুরন্ত হাওয়ার স্তম্ভ যা খুবই ক্ষতি করতে পারে এবং এগুলি তৈরি হয় ফানেল আকারের মেঘ থেকে আর তা নিচের দিকে ছড়িয়ে পরে বজ্রগর্ভ মেঘের নিচের দিক থেকে মাটিতে। টর্নেডোতে হাওয়ার গতি 200 mph পর্যন্ত হতে পারে এবং তা গাছ উপড়ে ফেলতে ও বাড়ে ধ্বংস করতে পারে, এবং অক্ষতিকারক বস্তুকে প্রাণঘাতী টুকরোও করে তুলতে পারে। অধিকাংশ টর্নেডো সংক্রান্ত ক্ষতি হয় হাওয়ার গতির কারণে এবং হাওয়া বাহিত টিকরোর কারণে, এমনকি বড় বড় শিলের কারণেও।

হাওয়ার ঝড় সাধারণত অন্য প্রকারের ঝড় হয়, যেমন হারিকেন বা নরইস্টার, কিন্তু তারা স্বাধীনভাবে হতে পারে। উচ্চ গতিতে হওয়া গাছ উপড়ে ফেলতে পারে, বিদ্যুতের লাইন বন্ধ করে দিতে পারে, উড়ন্ত টুকরো তৈরি করতে পারে এবং বাড়ির ক্ষতি করতে পারে – এই সবগুলির ফলে বিদ্যুত চলে যেতে পারে, যানবাহন ও যাতায়াতে অসুবিধা হতে পারে, বাড়ির কাঠামো ও যানবাহনে ক্ষতি হতে পারে, ব্যক্তিগত আঘাত লাগতে পারে, এমনকি মৃত্যুও হতে পারে। টর্নেডোর মতো, উড়ন্ত টুকরোও প্রধানত ক্ষতি করে ঝড়ের সময়ে।

যদিও শহর খুব খুঁটিয়ে নিরীক্ষণ করে দুর্যোগপূর্ণ আবহওয়া, তবুও টর্নেডো এবং ঝড় কোনো আগাম সতর্কবার্তা ছাড়াই ঘটতে পারে। যেহেতু নিউ ইয়র্ক শহরে ঘন শহুরে পরিবেশ আছে, উচ্চ গতিতে হাওয়া বওয়া ও উড়ন্ত টুকরোগুলি গুরুতর ঝুঁকি হয় বিল্ডিং এবং পরিকাঠামোয়।

## আপনার ঝুঁকি কমান

- যদি আপনার এলাকায় তীব্র বজ্র-বিদ্যুৎসহ ঝড় অথবা টর্নেডোর সতর্কতা জারী করা হয়, তবে আপনার বাড়ির সবচয়ে নিরাপদ কোথায় আশ্রয় নেবেন তা জানুন। এটি সাধারণত হয় একটি বেসমেন্ট অথবা জানালাহীন ভিতরের কোনো ঘর, যেমন বাথরুম, ক্লজেট অথবা হলওয়ের ভিতরে বিল্ডিংয়ের সবচেয়ে নিচের তলায়।
- যদি আপনার এলাকায় দুর্যোগপূর্ণ আবহওয়ার প্রত্যাশা করা হয়, তবে যেকোনো ঢিলা জিনিস, যা উড়ন্ত টুকরো হতে পারে, তাকে ভালোভাবে বেঁধে রাখতে ভুলবেন না, যার মধ্যে অন্তর্ভুক্ত হবে মাটিতে থাকা, অথবা ছাদে আটকানো অথবা বাইরের প্যাশিওতে থাকা যেকোনো জিনিস।
- আপনার সম্পত্তিতে থাকা গাছগুলির ডালপালা ছেঁটে দিন এবং/অথবা তা তুলে ফেলুন যদি সেটির বাড়ি বা পওয়ার লাইনের উপরে উপড়ে পড়ার সম্ভবনা থাকে।
- কার্যকরী করুন নিয়মিত বাড়ির রক্ষাণাবেক্ষণ করান:
  - ছাদকে টাইট এবং ভালো অবস্থায় রাখুন।
  - কার্ণিশ ও অ্যালুমিনিয়াম প্যানেলগুলিকে ভালো করে আটকে রাখুন।
  - নতুন করে পলেস্তরা করান (বিশেষ করে প্যারাপেট ও চিমনিতে)
  - সমস্ত ফাটল মেরামত করুন।
- সেই সব কাঁচ বদলে ফেলুন যা নিউ ইয়র্ক শহরের হাওয়ার গতির জন্য রেট করা নয় (অর্থাৎ 30 পাউন্ড প্রতি স্কোয়ার ফুট [psf] 100 ফুটের কম বাড়ির জন্য)।
- পুরানো ইঁটের বাড়ির জন্য, যাতে রিইনফোর্সমেন্ট নেই, একজন নিউ ইয়র্ক স্টেট-লাইসেন্সকৃত ও রেজিস্ট্রিকৃত স্থপতি বা পেশাদার ইঞ্জিনিয়ারকে ডাকুন যাতে নিম্নলিখিতগুলি বিষয়ে তিনি সাহায্য করতে পারেন:
  - রিইনফোর্স না করা তৈরি প্যারাপেট বদলে ফেলুন রিইনফোর্স করা তৈরি প্যাপারেট দিয়এ এবং তাদের বিল্ডিংয়ের বাকি অংশের সাথে আটকে রাখুন।
  - ব্রেসিং যোগ করুন বিল্ডিংয়ের প্যারাপেটকে আটকে রাখার জন্য, আড়াআড়ি স্টিলের স্ট্রাট ব্যবহার করে এবং পলেস্তরা দিয়ে প্যারাপেটকে মেরামত করুন।
  - সমস্ত ঝুলে থাকা প্যারাপেট ও মেসনারি চিমনি প্রতিস্থাপণ করুন।
  - সমস্ত মেসনারি কাঠামোগত ফাটল মেরামত করুন, ফেটে যাওয়া ইঁট প্রতিস্থাপণ করে।
  - বিয়ারিং দেওয়ালে ছাদের ফ্রেম আটকে রাখুন।
  - বল্টু ব্যবহার করে আপনার বাড়িকে তার ভিতের সাথে আটকে রাখুন।
- সমস্ত কাঠের বাড়িকে তার ভিতের সাথে আটকে রাখুন।
- ব্যালাস্ট রুফিংযের আকার যেমন নিউ ইয়র্ক সিটি বিল্ডিং কোডে বলা হয়েছে তেমন করুন।




- রুফ ব্যালাস্ট তৈরি করা হয়েছে যাতে ছাদকে আটকে রাখে তার ওজন দিয়ে। একাধিক জিনিসপত্র আছে যা সাধারণত ব্যবহার করা যায় এটি করতে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে পি গ্র্যাভেল বা পাথর; কিন্তু একটি টর্নেডো বা ঝড়ের সময়ে এই জিনিসগুলোই উড়ন্ত টুকরো হয়ে যেতে পারে।

- শিলাবৃষ্টি থেকে ক্ষতি কমাতে, আপনার ছাদের কভারিংকে সর্বোচ্চ রেট করা জিনিসপত্র দিয়ে (ক্লাস 4 মান আন্ডাররাইটার ল্যাবোরেটরি-র 2218 মান)।
- ছাদ এবং দেওয়ালের সংযোগগুলি আর তার সাথে দেওয়াল ও আপনার বাড়ির ভিতের সাথে সংযোগ শক্ত করুন। যদি প্রয়োজন হয় একটি কনট্র্যাক্টরকে নিয়োগ করুন।
- নিশ্চিত করুন যাতে আপনার বাড়ি বা ব্যবসায়ের বৈদ্যুতিক ব্যবস্থা সঠিকভাবে গ্রাউন্ড করা থাকে যাতে সার্জ প্রোটেকটরগুলি কার্যকরীভাবে কাজ করে।
- একটি সারা বাড়ির সার্জ প্রোটেকটর লাগান যাতে বজ্রপাত থেকে ক্ষতি কমানো যায়।
  - গুরুত্বপূর্ণ ও দামী বৈদ্যুতিন সরঞ্জামের জন্য অতিরিক্ত সুরক্ষা প্রয়োজন হলে লাগান।



# ভূমিকম্প




ভূমিকম্প হল হঠাৎ করে এবং দ্রুত মাটির কম্পন, যাতে মাটির দুটি অংশ একে অপরের উপর দিয়ে পিছলে যায় উপরিতলের নিচে। অধিকাংশ ভূমিকম্প বিদ্যমান ফাটল থেকে হয়ে থাকে, যার দুই দিকে পাথর একে অপরের উপরে দিয়ে চলে যায়, অথবা পৃথিবীর উপরিতলের পাথরে নতুন ফাটলের সৃষ্টি করে।

যদিো নিউ ইয়র্ক শহর এমন বড়সড় কোনো ফল্ট লাইনে অবস্থিত নয়, তবুো ভূমিকম্প আমাদের এলাকাকে প্রভাবিত করেছিল। ঘন বসতি, উচ্চ পরিমাণে তৈরি পরিকাঠামো, এবং 1996 সালের আগের বাড়িগুলির ভূমিকম্প রোধী নকশা না থাকা, এই শহরের ঝুঁকি বাড়িয়েছে। পুরানো ইঁটের বাড়িগুলি ভাঙে পড়ার বেশি সম্ভাবনা আছে ভূমিকম্পের সময়ে (তুলনায় কাঠের অথবা আধুনিক কংক্রিট বং স্টিলের বাড়িগুলির চেয়ে)।


## আপনার ঝুঁকি কমান

নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করার কথা বিবেচনা করুন যাতে ভূমিকম্প থেকে আপনার সম্পত্তির নিরাপত্তা নিশ্চিত করা যায়:

- কার্যকরী করুন নিয়মিত বাড়ির রক্ষাণাবেক্ষণ করান:
  - ছাদকে টাইট এবং ভালো অবস্থায় রাখুন।
  - কার্ণিশ ও অ্যালুমিনিয়াম প্যানেলগুলিকে ভালো করে আটকে রাখুন।
  - নতুন করে পলেস্তরা করান – বিশেষ করে প্যারাপেট ও চিমনিতে
  - সমস্ত ফাটল মেরামত করুন।
- বাড়িতে গ্যাস লাইন ঢোকার স্থানটি সুরক্ষিত করুন/পরিবর্তিত করুন।
- আপনার ওয়াটার হিটারকে কাছের দেওয়ালের সাথে স্ট্র্যাপ দিয়ে আটকান। যদি কোনো গ্যাস ওয়াটার হিটার ভূমিকম্পের সময়ে পড়ে যায়, সেটি গ্যাসলাইন ভেঙে ফেলতে পারে এবং আগুন ছড়িয়ে পড়তে পারে।
- বড় যন্ত্রগুলি দেওয়ালে আটকে রাখুন নিরাপত্তা কেবেল বা স্ট্র্যাপ দিয়ে। যেকোনো বড় যন্ত্র বা আসবাবের রোলার আটকে রাখুন। (ডানদিকের চিত্র দেখুন।)




- বাণিজ্যিক অগ্নিনির্বাপক ব্যবস্থাগুলিকে ব্রেস করে রাখুন যাতে স্প্রিঙ্কলার লাইনগুলি তাদের সংযোগ স্থল থেকে ছিঁড়ে বেরিয়ে না যায়।
- জানালা ও কাঁচের দরজায় সেফটি ফিল্ম লাগান।
- ছাদে লাগানো আলো, ঝুলন্ত ছাদ এবং অন্যান্য ঝুলন্ত জিনিস যেম ঝাড়লন্ঠন বং গাছ আপনার বাড়ির স্থায়ী কাঠামোর সাথে আটকে রাখুন।
- দেওয়াল আলমারি, বইয়ের কেস এবং শেল্ফগুলি দেওয়ালে বল্টু দিয়ে নয়ত স্ট্র্যাপ দিয়ে আটকান এবং ভারি জিনিসগুলিকে নিচের শেল্ফে রাখুন।
- ড্রয়ারে এবং ক্যাবিনেটের দরজায় ল্যাচ লাগান।
- শক্তভাবে মাউন্ট করুন ফ্ল্যাট স্ক্রিন টিভি, ছবি এবং আয়নাগুলিকে।
- সমস্ত কাঠের বাড়িকে তার ভিতের সাথে আটকে রাখুন।
- পুরানো ইঁটের বাড়ির জন্য, যাতে রিইনফোর্সমেন্ট নেই, একজন নিউ ইয়র্ক স্টেট-লাইসেন্সকৃত ও রেজিস্ট্রিকৃত স্থপতি বা পেশাদার ইঞ্জিনিয়ারকে ডাকুন যাতে নিম্নলিখিতগুলি বিষয়ে তিনি সাহায্য করতে পারেন:
  - রিইনফোর্স না করা তৈরি প্যারাপেট বদলে ফেলুন রিইনফোর্স করা তৈরি প্যাপারেট দিয়এ এবং তাদের বিল্ডিংয়ের বাকি অংশের সাথে আটকে রাখুন।
  - সমস্ত ঝুলে থাকা প্যারাপেট ও নড়বড়ে মেসনারি চিমনি প্রতিস্থাপণ করুন।
  - সমস্ত মেসনারি কাঠামোগত ফাটল মেরামত করুন, ফেটে যাওয়া ইঁট প্রতিস্থাপণ করে।
  - বিয়ারিং দেওয়ালে ছাদের ফ্রেম আটকে রাখুন।
  - বল্টু ব্যবহার করে আপনার বাড়িকে তার ভিতের সাথে আটকে রাখুন।
  - ব্রেসিং যোগ করুন বিল্ডিংয়ের প্যারাপেটকে আটকে রাখার জন্য, আড়াআড়ি স্টিলের স্ট্রাট ব্যবহার করে এবং পলেস্তরা দিয়ে প্যারাপেটকে মেরামত করুন। (নিচের চিত্র দেখুন।)





# ব্রাশ ফায়ার



যদিও নিউ ইয়র্ক শহর, পশ্চিম মার্কিন যুক্তরাষ্ট্রের শহরগুলির মতো সর্বগ্রাসী বুনো আগুন অভিজ্ঞতা করেনি, তবুও এই শহর ব্রাশ ফায়ারে আক্রান্ত হতে পারে, যা সাধারণত বসন্ত এবং হেমন্তের শহরের বিভিন্ন অংশে দেখা যায় যখন গাছপালা শুষ্ক হয়ে পড়ে।

নিউ ইয়র্ক শহরে অধিকাংশ ব্রাশ ফায়ার খুব ছোটো হয় এবং তারা বাড়িগুলিকে প্রভাবিত করে না। কিন্তু, এমন কিছু অঞ্চল আছে যেখানে বাড়িগুলি এবং বিল্ডিংগুলি প্রায় খোলা জায়গায় আছে যাতে প্রাকৃতি বাফার ন্যূনতম আছে বা একদমই নেই – বিশেষ করে স্ট্যাটেন আইল্যান্ডে।

## আপনার ঝুঁকি কমান

আপনার সম্পত্তির আশে পাশে বিভিন্ন নির্মাণগুলি খতিয়ে দেখে আপনার বাড়ি বা ব্যবসার ব্রাশ ফায়ার থেকে ক্ষতিগ্রস্ত হওয়াটি ন্যূনতম করুন।

যেসব বাড়িগুলি দাহ্য পদার্থ দিয়ে তৈরি (যেমন কাঠ) , তাদের ঝুঁকি অনেক বেশি।

### সাধারণ রক্ষণাবেক্ষণ

- পরীক্ষা করুন এবং সরিয়ে ফেলুন পুরানো অথবা মৃত গাছপালা এবং টুকরোগুলি আপনার সম্পত্তির আশপাশ, ছাদ, হামাগুড়ি দিয়ে যাওয়ার স্থান, ভেন্টগুলি, ডেকগুলি ইত্যাদি থেকে যাতে আগুলের উপাদানগুলি কম করা যায়।
- আপনার ছাডের ছয় ফুটের মধ্যে গাছের ডালগুলি কেটে দিন।
- গাছপালার দ্বীপের মতো তৈরি করুন এবং গাছের নিচে ঝোপ রাখবেন না যাতে আগুন আপনার বাড়ি পর্যন্ত যেতে পথ না পায়।

### ছাদগুলি

- আপনার ছাদের ফায়ার রেটিং জানুন। যদি আপনার ছাদকে প্রতিস্থআপণ করতে হয়, তবে ক্লাস A প্রদান করবে সবচেয়ে ভালো আগ্নি নিরোধণ ও শ্রেষ্ঠ সুরক্ষা। যান আন্ডারাইটার্স ল্যাবরেটরি ওয়েবসাইটে www.ul.com -এ অতিরিক্ত নির্দেশিকার জন্য।



চিত্র: ক্লাস A রুফ

### ভেন্টগুলি


- ভেন্টগুলি পরিষ্কার করুন নিয়মিত যাতে মেশে টুরকোগুলি না থাকে।

### সাইডিং

- যদি জ্বালানো হয়, দাহ্য সাইডিং বাড়ির অন্যান্য অংশগুলির ক্ষেত্রেও বিপদ হিসাবে দাঁড়াতে পারে, যেমন জানালা অথবা কার্ণিশের নিচের এলাকা।
- যদি আপনার দাহ্য সাইডিং থাকে, সেটিকে প্রতি বছর পরীক্ষা করে দেখুন সেখানে কোনো ফাটল হয়েছে কিনা এবং নিশ্চিত করুন যাতে তারা উচ্চমানের কল্ক দিয়ে ভরাট করা থাকে।

### কার্ণিশ

- কার্ণিশের নিচের এলাকা খুবই বিপজ্জনক কারণ কোনো ফাটল বা ভেন্ট দিয়ে আগুনের হল্কা বা ফুলকি অ্যাটিকে পৌঁছে যেতে পারে।
- ওপেন-ইভের ফ্রেমকে সোফিটেড অথবা একটি বক্স করা ইভ দিয়ে প্রতিস্থাপণ করুন।




### জানালাগুলি

- লাগান ডুয়াল পেন জানালা যাতে বাইরের পেন ভিতরের পেলকে সুরক্ষিত করার জনম্য ব্যবহার করা যায়।
- টেম্পার করা কাঁচ খুব শক্ত হয় এবং সেটি অতিরিক্ত সুরক্ষা প্রদান করবে একটি ব্রাশ ফায়ারে।
- শাটার বা কভার অতিরিক্ত সুরক্ষা দিতে পারবে।

### ডেকগুলি

- কাঠের ডেক বোর্ডের জন্য, অন্তত দুই ইঞ্চি মোটা লাম্বার ব্যবহার করুন।
- ডেকের নিতে দাহ্য পদার্থ রাখবেন না।

### বেড়াগুলি

- দাহ্য পদার্থ দিয়ে কখনই বেড়া তৈরি করবেন না। অ-দাহ্য জিনিসপত্র, যেমন আগুনরোধী কাঠ, মোটা আকারের কাঠ (1.5 ইঞ্চি বা তার বেশি মোটা), অথবা চেন লিংক বেড়া যাতে লতানে গাছ ওঠে, সেটি ব্যবহার করুন।

### গ্যারাজগুলি

- গ্যারাজের রোল-আপ দরজাকে ওয়েদার-স্ট্রাইপ ও সিল করা যাবে কোণাগুলিতে।
- বাইরের জানালাযুক্ত দরজাগুলিকে ফায়ার-রেট করা জিনিস বা প্যানেলিং দিয়ে প্রতিস্থাপণ করুন।
- কাঁচের প্যানেল করা গ্যারাজের দরজাগুলিকে প্রতিস্থাপণ করুন ফায়ার-রেট করা কাঁচ দিয়ে অথবা তাদের কল্ক দিয়ে ভরাট করে দিন।
- কারপোর্টে দাহ্য পদার্থের ব্যবহার কম করুন।

### কাঠের পচন

- কাঠের পচন দেখার কয়েকটি দারুন স্থান হল কাঠের জানালার নিচের কোণগুলি, ডেকের আশে পাশে, এবং অন্য যেকোনো এলাকা যেখানে জল কাঠের ফাঁকে বা সিমে আটকে যেতে পারে।
- কাঠের পচনের ঝুঁকি কমাতে:
  - দৃশ্যমান ফাঁক ও সিমগুলি কল্ক করা। বিদ্যমান কল্কিং পরীক্ষা করুন ও তা প্রতিস্থাপণ করুন।
  - বেড়ার প্রায় এক ইঞ্চি নিচ থেকে মাটি সরিয়ে নিন।



# অত্যধিক গরম

অত্যধিক গরম শরীরে সমস্যা ডেকে আনতে পারে। দীর্ঘকাল অত্যধিক তাপের সংস্পর্শে থাকা গুরুতর স্বাস্থ্য সমস্যা ডেকে আনতে পারে। বৃদ্ধ, শিশু, এবং দীর্ঘঘকালীন চিকিৎসাগত অসুখ আছে এমন ব্যক্তিদের ঝুঁকি সবচেয়ে বেশি। স্বাস্থ্যের উপর অত্যধিক গরমের প্রভাব বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট NYC.gov/health।



প্রতিবার গ্রীষ্মকালে নিউ ইয়র্ক শহরে সাধারণত এক বা বেশি বার অত্যধিক গরম পড়ে, যখন স্বাভাবিকের চেয়ে বেশি তাপমাত্রা থাকে এবং/অথবা উচ্চ আর্দ্রতা থাকে দীর্ঘ সময় ধরে।

নিউ ইয়র্কারেরা এছাড়াও ভুগতে পারেন "আর্বান হিট আইল্যান্ড এফেক্ট," -এ এটি একটি ঘটনা যেখানে, রাস্তার পিচ, কংক্রিট এবং ধাতু যা শহরের বাড়িগুলি তৈরি করতে ব্যবহার করা হয়, সেগুলি সূর্যের থেকে বেশি গরম শোষণ করে গাছপালাওয়ালা স্থানের তুলনায়। এর ফলে হাওয়ার তাপমনাত্রা বেশি থাকে, বিশেষ করে রাতে যখন তাপ বিকিরণ হয়।

## আপনার ঝুঁকি কমান

- ছাদের রঙ করুন হাল্কা (সবুজ বা সাদা) যাতে বিল্ডিংয়ের অভ্যন্তরীণ তাপমাত্রা কম রাখা যায় এবং আর্বান হিট আইল্যান্ড এফেক্ট হ্রাস করা যায়। (নিচের চিত্র দেখুন।)



- উচ্চ মানের জানালা ইন্সটল করুন। এই জানালাগুলির সাধারণত নিম্নলিখিত বৈশিষ্ট্য থাকে:
    - একাধিক গ্লেজিং স্তর (কাঁচের পেনগুলি, যা কিছুটা তফাতে থাকে), যা বৃদ্ধি করবে জানালার ইনসুলেশন এবং শব্দ কমাতে সাহায্য করবে।
    - কম প্রবাহ কোটিংগুলি – কাঁচের উপর স্বচ্ছ স্তরে টিন বা সিলভার অক্সাইড দিলে আলো তার মধ্যে দিয়ে চলে যেতে পারবে কিন্তু বেশ কিছুটা গরম আটকে যাবে।
- আপনার জানালায় সানশেড ইন্সটল করুন।
- আপনার এয়ার কন্ডিশনিং ও ভেন্টিলেশন ব্যবস্থার অবস্থা পরীক্ষা করে দেখে নিন, গ্রীষ্ম আসার আগেই।
    - যদি আপনার সেন্ট্রাল এয়ার না থকে, তবে একটি এয়ার কন্ডিশনিং কিনুন এবং তার ফিল্টার নিয়মিত পরিষ্কার করতে ভুলবেন না।
- আপনার অ্যাটিক এবং বিল্ডিংয়ের দেওয়ালগুলি ইনসুলেট করিয়ে নিন।
- আপনার বাড়িকে পরীক্ষা করে দেখে নিন তা "এয়ার টাইট" কিনা। হাওয়া জোরে বইছে এমন একটি দিনে একটি ধুপকাঠি বা স্মোক পেনকে আপনার জানালার, দরজার, বিদ্যুতের বাক্স, জলের পাইপ ইত্যাদি, ইলেক্ট্রিকাল আউটলেট, ছাদে লাগানো জিনিসপত্র, অ্যাটিকের হ্যাচ এবং অন্যান্য স্থানের সামনে রাখুন যাতে আপনি বুঝতে পারেন য়ে হাওয়া বাইরে থেকে ভিতরে লিক হয়ে ঢুকছে কিনা। যদি ধোঁয়া পাশাপাশি যায়, আপনি তবে একটি এয়ার লিক আবিষ্কার করেছেন, যেটিকে আপনার সিল করতে হবে।
    - দরজা জানলা, যাতে এয়ার লিক আছে তা সিল করে দিন।
    - যেখানে জলের, ডাক্টিং অথবা বৈদ্যুতিন তার দেওয়াল, মেঝে, ছাদ এবং ক্যাবিনেটের উপরে সোফিটের মধ্য দিয়ে আসছে সেখানে এয়ার লিক থাকলে তা আটকে দিন।
    - জানালার, বেসবোর্ড এবং অন্যান্য স্থানে বড় ফাঁকা আটকাতে ফোম সিল্যান্ট ব্যবহার করুন।



# শীতকালীন আবহওয়া



নিউ ইয়র্ক শহরের সব স্থানেই বিভিন্ন প্রকারের শীতকালীন ঝড় হওয়ার সম্ভাবনা আছে। এই আকারের দুর্যোগপূর্ণ আবহওয়ার কারণে অনেক সময়ে প্রবল শৈত্যপ্রবাহ, বরফ ও তুষার পাত ঘটে। এই বিষয়গুলি শহরের বিল্ডিং, পরিকাঠামো এবং পরিসেবাকে প্রভাবিত করতে পারে, এবং তার সাথে প্রভাব ফেলতে পারে জনস্বাস্থ্য ও নিরাপত্তাতে।

শীতের মাসগুলিতে আপনার স্বাস্থ্য সুরক্ষা বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য দেখুন NYC.gov/health।

যদিও বিরল, বরফ ও তুষারপাত বাড়ির গঠনগত ক্ষতি করতে পারে অথবা ছাদকে ভেঙে ফেলতে পারে, যদি বাড়ি সঠিকভাবে রক্ষণাবেক্ষণ না করা হয়।

## আপনার ঝুঁকি কমান

### সাধারণ রক্ষণাবেক্ষণ

- গাছের ডাল, বাড়ির ছাদ এবং অন্যান্য স্ট্রাকচার থেকে অবিলম্বে বরফ ও তুষার সরিয়ে ফেলুন।
  - যদি বরফ/তুষার জমে যায়, তবে সেটিকে একটি লম্বা হাতলযুক্ত স্নো-রেক দিয়ে সরিয়ে ফেলুন যাতে আপনি সেটিকে নিরাপদভাবে সরিয়ে ফেলতে পারেন মাটিতে দাঁড়িয়েই, অথবা কোনো তুষার সরান এমন কন্ট্র্যাক্টরের সাহায্য নিন।
- গাছের ডাল বা তার অংশ পরিষ্কার করুন কারণ সেটি আপনার বাড়িতে বা বিদ্যুতের তারে পড়তে পারে।
- নর্দমা থেকে পাতা এবং অন্যান্য টুকরোগুলি পরিষ্কার করুন।
- যেসব কাঠ পচে গেছে তা খুঁটিয়ে পরীক্ষা করুন ও তা মেরামত করুন (বিশেষ করে বাইরের দেওয়ালের খুব কাছে)।
- ঝুলে পড়া ছাদ মেরামত করুন।
- ক্ষতিগ্রস্ত ছাদের জয়েন্টগুলি প্রতিস্থাপণ করুন।
- একটি ব্যাক-আপ জেনারেটর ইন্সটল করে নিন।

### ছাদগুলি

- আপনার বাড়ির রক্ষাণাবেক্ষণ করুন, আপনা ছাদ থেকে টুকরো, ইত্যাদি পরিষ্কার করে।
- একজন নিউ ইয়র্ক স্টেট-লাইসেন্সকৃত ও রেজিস্ট্রিকৃত স্থপতি বা পেশাদার ইঞ্জিনিয়ার দিয়ে ছাদের কাঠামোগত সক্ষমতা পরীক্ষা করান, যাতে তুষারপাত জমার ফলে অত্যধিক ওজন সেটি নিতে পারে।
- যদি আপনার বিল্ডিংয়ের একটি সমান ছাদ থাকে, তাহলে ঢালু ছাদের সাথে তুলনায় তাতে জল-জমার প্রচুর সম্ভাবনা থাকে, যার ফলে লিক হতে পারে, এমনকি তা ভেঙেও পড়তে পারে।
- ছাদের লিকগুলি মেরামত করুন
- অ্যাটিকে প্রচুর হাওয়া বাতাস রাখুন যাতে ছাদে তুষার/বরফ গলে আবার জমা না যেতে পারে যার ফলে ছাদ ভেঙে পড়তে পারে।

### ইনসুলেশন

- দেওয়াল এবং অ্যাটিকে বিল্ডিং ইনস্যুলেশন যোগ করুন।
- নিশ্চিত করুন যাতে দরজা এবং জানালাগুলি কার্যকরীভাবে বন্ধ করা থাকে এইগুলি ব্যবহার করে:
  - সানশেড
  - এয়ার সিলিং, উচ্চ মানের জানালাগুলি

### আপনার পাইপগুলিকে রক্ষা করুন

- পাইপগুলি স্লিভ বা র‍্যাপিং দিয়ে ইনসুলেট করুন, কারণ খোলা পাইপ থাকলে সেটি জমে যাওয়ার স্মভাবনা আছে।
- ফসেট ড্রিপ করতে দিন প্রচুর ঠাণ্ডা আবহওয়ায়, যাতে পাইপগুলি ফেটে না যায়।
- জলের পাইপ অ্যাটিক, হামাগুড়ি দিয়ে যাওয়ার জায়গা, এবং দুর্বল বাইরের দেওয়ালের আওতার বাইরে রাখুন।
- বাইরের দেওয়াল ও ভিতের জলের পাইপের কাছে ফাটল এবং ফুটো বন্ধ করুন কলকিং দিয়ে।
- শৈত্যপ্রবাহের সময় ক্যাবিনেটের দরজা খোলা রাখুন যাতে গরম হওয়া পাইপগুলিতে আশে পাশে ঘুরতে পারে।



## আরও সংস্থাগুলি

**NYC এমার্জেন্সি ম্যানেজমেন্ট**
NYC.gov/emergencymanagement

**রিডিউস ইয়োর রিস্ক**
NYC.gov/reduceyourrisk

**নিউ ইয়র্ক সিটি হ্যাজার্ড মিটিগেশন প্ল্যান**
NYC.gov/hazardmitigation

**রেডি নিউ ইয়র্ক**
NYC.gov/readyny

**নো ইয়োর জোন — হারিকেন প্রিপেয়ার্ডনেস ইন নিউ ইয়র্ক**
NYC.gov/knowyourzone

**নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ বিল্ডিংস**
NYC.gov/buildings

**নিউ ইয়র্ক সিটি ফায়ার ডিপার্টমেন্ট**
NYC.gov/fdny

**নিউ ইয়র্ক সিটি মেয়রস অফিস অফ রিকভারি রেজিলিয়েন্সি**
NYC.gov/resiliency

**নিউ ইয়র্ক সিটি মেয়রস অফিস অফ হাউজিং রিকভারি অপারেশনস**
NYC.gov/recovery

**FEMA**
www.fema.gov/hazard-mitigation-grant-program

**নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড এমার্জেন্সি সার্ভিসেস**
www.dhses.ny.gov

**নোটিফাই NYC**
NYC.gov/notifynyc
@NotifyNYC

**Facebook-এ NYC এমার্জেন্সি ম্যানেজমেন্ট**
www.facebook.com/NYCemergencymanagement
এবং **Twitter**:
@nycoem

অন্যভাবে যদি না বলা হয়ে থাকে তবে কল করুন 311 নম্বরে (TTY: 212-504-4115), অথবা ব্যবহার করুন NYC.gov যাতে শহরের এজেন্সিদের সাথে যোগাযোগ করা যায়।



## বীমা সংস্থাগুলি

**ন্যাশানাল ফ্লাড ইনস্যুরেন্স প্রোগ্রাম**
www.floodsmart.gov
1-888-379-9531

**FEMA রিজিয়ন II কোস্টাল অ্যানালিসিস অ্যান্ড ম্যাপিং**
www.region2coastal.com

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস**
www.dfs.ny.gov
1-800-342-3736

**ইনস্যুরেন্স ইনস্টিটিউট ফর বিজনেস অ্যান্ড হোম সেফটি**
www.disastersafety.org
(813) 286-3400

**নেবারহুড হাউজিং সার্ভিসেস অফ নিউ ইয়র্ক সিটি, ইনক.**
www.nhsnyc.org
212-519-2500

**ইনস্যুরেন্স ইনফর্মেশন ইনস্টিটিউট**
www.iii.org
212-346-5500

**এই নির্দেশিকাটি অডিও হিসাবে এবং নিম্নলিখিত ভাষাতেও পাওয়া যায়।**

**Arabic**
زُر NYC.gov/readyny للحصول على نسخ باللغة العربية من هذا الدليل.

**Bengali**
এই নির্দেশিকাটির বাংলা কপির জন্য NYC.gov/readyny দেখুন

**Chinese**
請撥打311或訪問NYC.gov/readyny，獲得本指南的中文版本。

**English**
Call 311 or visit NYC.gov/readyny for copies of this guide in English.

**French**
Visitez NYC.gov/readyny pour obtenir des exemplaires de ce guide en français.

**Haitian Creole**
Ale nan sitwèb NYC.gov/readyny pou jwenn kopi gid sa a nan lang Kreyòl Ayisyen.

**Italian**
Visita il sito NYC.gov/readyny per ricevere una copia di questa guida in italiano.

**Korean**
한국어로 된 안내서 사본은 NYC.gov/readyny를 방문하십시오.

**Polish**
Kopia w języku polskim jest opublikowana pod adresem NYC.gov/readyny.

**Russian**
Позвоните по номеру 311 или посетите сайт NYC.gov/readyny, чтобы получить эту брошюру на русском языке.

**Spanish**
Llame al 311 o visite NYC.gov/readyny para obtener acceso a este folleto en español.

**Urdu**
اس رہنما پرچے کی کاپی اردو زبان میں حاصل کرنے کے لیے NYC.gov/readyny ملاحظہ کریں۔

**Yiddish**
באזוכט NYC.gov/readyny פאר קאפיס פון דעם פאפיר אין אידיש.